# Times Today BD

জেলা প্রতিনিধি | রংপুর | 16 June, 2025

লালমনিরহাট-১ (হাতীবান্ধা-পাটগ্রাম) আসনের সাবেক সংসদ সদস্য এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সাবেক প্রতিমন্ত্রী মোতাহার হোসেনের ব্যবহৃত কোটি টাকার একটি বিলাসবহুল গাড়ি জব্দ করেছে পুলিশ।সোমবার (১৭ জুন) ভোরে লালমনিরহাটের কালীগঞ্জ উপজেলার কাকিনা চাঁপারতল এলাকা থেকে গাড়িটি আটক করা হয়।

গাড়ি থেকে দুজনকে আটক করা হয়েছে।তারা হলেন—সাবেক প্রতিমন্ত্রীর গাড়িচালক কাজল চন্দ্র রায় এবং তাঁর সহযোগী আব্দুল আজিজ। বর্তমানে তারা পুলিশের হেফাজতে রয়েছেন।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে, ঈদ উপলক্ষে সাবেক প্রতিমন্ত্রীর ছেলে মাহমুদুল হাসান সোহাগের ঢাকার বাসায় খাবার পৌঁছে দিতে সীমান্তবর্তী হাতীবান্ধা উপজেলার বড়খাতা ইউনিয়নের দোলাপাড়া এলাকা থেকে গাড়িটি বের করা হয়।তবে সন্দেহজনক গতিবিধির কারণে স্থানীয়রা গাড়িটিকে ধাওয়া করেন।পরে কালীগঞ্জ উপজেলার কাকিনা চাঁপারতল পেট্রলপাম্প এলাকায় পৌঁছালে এলাকাবাসী গাড়িটি ঘিরে ফেলে এবং পুলিশে খবর দেন।

খবর পেয়ে কালীগঞ্জ থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে গাড়িটি জব্দ করে এবং দুই আরোহীকে আটক করে থানায় নিয়ে যায়।

কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেলিম মালিক ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন,সন্দেহজনক কার্যক্রমের কারণে এলাকাবাসীর সহায়তায় গাড়িটি জব্দ করা হয়েছে।আটক দুজনকে থানায় জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।বিষয়টি তদন্তাধীন রয়েছে।তদন্ত শেষে পরবর্তী আইনি ব্যবস্থা নেওয়া হবে।

ঘটনাটি এলাকায় বেশ চাঞ্চল্যের সৃষ্টি করেছে।সাবেক প্রতিমন্ত্রীর গাড়ি ব্যবহৃত হলেও এতে কোন অসামাজিক বা বেআইনি কার্যক্রম ছিল কিনা, সেটিই এখন তদন্তের মূল বিষয়।ঈদের সময় সীমান্তবর্তী এলাকা থেকে একটি দামি গাড়ি নিয়ে ঢাকা যাওয়ার বিষয়টি ঘিরে নানা প্রশ্ন তৈরি হয়েছে।

তদন্ত শেষে প্রকৃত ঘটনা জানা যাবে বলে জানিয়েছে পুলিশ প্রশাসন।

সংসদ সদস্য প্রতিমন্ত্রী গাড়ি জব্দ আটক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 08:00

URL: https://timestodaybd.com/rangpur/4662713442